গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

# বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর জুন'২০২৫ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

**সভাপতি** ঃ জনাব মোঃ ফজলে এলাহী
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ১৯ জুন'২০২৫ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত মে'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় মে'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বর্তমানে করোনা ভাইরাস পরীক্ষার কীট সরবরাহের জন্য লাইন ডাইরেক্টর বরাবর চাহিদা প্রেরণ করা হয়েছে। রাজিবপুর হাসপাতালে ডাক্তার সংখ্যা বাড়ানোর বিষয়ে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর এবং স্বাস্থ্য কমপ্লেক্সের পুরাতন ভবনটি অত্যন্ত ঝুঁকিপূর্ণ হওয়ায় এ বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের প্রকৌশলী বরাবর পত্র পত্র প্রেরণ করার জন্য উপজেলা প্রশাসনকে অনুরোধ করেন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্থাপিত সোলার সিস্টেম মেরামত করা প্রয়োজন। | হাসপাতাল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা ও নিয়মিত ঔষধ সরবরাহসহ উন্নত চিকিৎসা ব্যবস্থা চালু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর। |
| ০২ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৩ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বোরো কর্তন শেষ এখন আউশ ধান বিদ্যমান। কৃষকদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে ১০ বিঘা জমিতে ধৈইঞ্চা চাষ করা হয়েছে। সবজি চাষের জন্য কৃষকদের মাঝে বীজ ও সার বিতরণ করা হবে। দেশী জাতের তালের চারা প্রণোদনার মাধ্যমে দেয়া হবে। | অনবাদি জায়গায় কৃষি ফসল উৎপাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |

চলমান পাতা-২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | তৃণমূল কৃষক সেবাকেন্দ্র স্থাপন করা প্রয়োজন। অনাবাদি জমিতে সবজি-পুষ্টি বাগান করার জন্য কাজ করা হচ্ছে। মাঠ পর্যায়ে এসএএওগণ কৃষকরে পরামর্শ প্রদান করছেন। বর্তমানে সারের কোন ঘাটতি নাই। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান প্রাণিসম্পদ অফিসের পুর্বপার্শ্বে গর্ত মাটি দ্বারা ভরাট করা প্রয়োজন। গবাদি পশু পাখির চিকিৎসা, টিকা এবং কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান। ৮৮২০ টি প্রাণীকে ভ্যাকসিন প্রদান করা হয়েছে।<br>প্রাণিসম্পদ দপ্তরে মাটিতে পড়ে থাকা ৪টি গাছ নিলাম করা প্রয়োজন। এছাড়া অত্র দপ্তরে ঝুকিপুর্ণ ১৮টি গাছ কর্তন করা প্রয়োজন। যে কোন সময় ঝড়ে পড়ে অফিস ভবন ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রাণিসম্পদ দপ্তরে মাটিতে পড়ে থাকা ৪টি গাছ ও ঝুকিপুর্ণ ১৮টি গাছ বিধি মোতাবেক নিলামের মাধ্যমে কর্তন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর<br>২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর<br>৩। ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৪-২৫ অর্থ বছরে ১০০০ মি. রাস্তার কাজ সমাপ্ত। ০৩ টি ব্রীজের কাজ চলমান। ০২টি বন্যা আশ্রয় কেন্দ্রের কাজ চলমান। টিআর, কাবিখা ও কাবিটা প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। দুর্যোগের আগাম প্রস্তুতি গ্রহণ। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৭ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর, সভায় উপস্থিত না থাকায় উপজেলা সমাজসেবা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর |
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ০৯ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ভিজিডি আবেদন যাচাই-বাছাই কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১০ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৪-২৫ অর্থ বছরে প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে। পরবর্তী অর্থ বছরের জন্য চাহিদা দেওয়া হয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় উপদেষ্টার অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ উপখাত হতে কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলায় পাবলিক লাইব্রেরী স্থাপনের জন্য উপজেলা পরিষদের অনুকুলে প্রাপ্ত বরাদ্দ মোতাবেক টেন্ডার সম্পন্ন হয়েছে। পাবলিক লাইব্রেরী স্থাপনের নির্বাচিত জায়গায় কিছু মেহগনি গাছ রয়েছে। গাছগুলি নিলামের মাধ্যমে অপসারণ করা প্রয়োজন। এ বিষয়ে জরুরী ভিত্তিতে গাছ নিলামের অনুমোদনের জন্য জেলা প্রশাসক, কুড়িগ্রাম বরাবর পত্র প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ করেন।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, লজিক প্রকল্পেরে আওতায় বাস্তবায়িত প্রকল্পের ২০২৩-২৪ অর্থবছরের অডিট কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। আগামী অর্থ বছরে লজিক প্রকল্পের কার্যক্রম করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন।<br>সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চর রাজিবপুর উপজেলায় পাবলিক লাইব্রেরী স্থাপনের লক্ষ্যে পাবলিক লাইব্রেরী স্থাপনের নির্বাচিত জায়গার মেহগনি গাছ নিলামের মাধ্যমে অপসারণ করার অনুমোদনের জন্য জেলা প্রশাসক, কুড়িগ্রাম বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), চর রাজিবপুর<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মানবসম্পদ গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় টাঙ্গালিয়া পাড়ায় পানি শোধনাগারের কাজ চলমান রয়েছে। এছাড়া সমগ্র দেশে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৩৬টি অগভীর নলকূপের মালামাল ঠিকাদার সিডিউল মোতাবেক সরবরাহ করা না করায় কাজ বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। প্রতিটি ইউনিয়নে ২২৯টি করে টুপিন ল্যাট্রিন নির্মাণ কাজ চলমান রয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | সমগ্র দেশে গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ৩৬টি অগভীর নলকূপ স্থাপনের লক্ষ্যে পুনঃটেন্ডার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বিভিন্ন কৃষক সমবায় সমিতিতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান আই.এইচ.টি ৩দিন ব্যাপী প্রশিক্ষণ কুড়িগ্রাম বালিকা উচ্চ বিদ্যালয়ে চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | আগামী ২৩/০৬/২০২৫ তারিখ হতে ২০২৩ সালের ডিগ্রি ২য় বর্ষ পরীক্ষা শুরু এবং আগামী ২৬/০৫/২০২৫ তারিখ হতে ২০২৫ সালের এইচএসসি, এইচএসসি(বিএমটি) ও আলিম পরীক্ষা শুরু হবে। আগামী ২৩/০৬/২০২৫ তারিখ নির্ধারিত ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানের মধে উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি কর্তৃক আয়োজিত বিতর্কপ্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। | | |
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৪-২৫ অর্থ বছরে জুন'২০২৫ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। জুন'২০২৫ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০২। জুন'২০২৫ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, ভিক্সল, এ্যারোসল, হারপিক, ক্যালকুলেটর, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৩। জুন'২০২৫ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৪। জুন'২০২৫ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৫৫০×২২ দিন) =১২,১০০/- (বার হাজার একশত) টাকা।<br>০৫। জুন'২০২৫ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৫৫০×২২ দিন) =১২,১০০/- (বার হাজার একশত) টাকা।<br>০৬। জুন'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>০৭। জুন'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের জীপ গাড়ি জ্বালানী ব্যয় =২০,০০০/- (বিশ হাজার) টাকা।<br>০৮। জুন'২০২৫ খ্রিঃ মাসের পত্রিকা ব্যয় বিল =১,৩১৮/- (একহাজার তিনশত আঠারো) টাকা।<br>০৯। ২০২৪-২৫ অর্থ বছরে সোলার প্যানেল মেরামত ব্যয় =১০,০০০/- (দশ হাজার) টাকা।<br>১০। ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের কর্মচারীদের জুন'২০২৫ খ্রিঃ মাসের মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে প্রদান বাবদ ব্যয় =৫,৮৩৮/- (পাঁচ হাজার আটশত আটত্রিশ) টাকা।<br>১১। ২০২৪-২৫ অর্থ বছরে ফরমালিন কীট ক্রয় বাবদ বকেয়া বিল =১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১২। ২০২৪-২৫ অর্থ বছরে অফিস সরঞ্জামাদি মেরামত বাবদ ব্যয় =১৩,০০০/- (তেরো হাজার) টাকা। | ২০২৪-২৫ অর্থ বছরে জুন'২০২৫ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১৩। ২০২৪-২৫ অর্থ বছরে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রশাসনিক অনুমোদনের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত, সংস্কার ও রংকরণ বাবদ ব্যয় =৯,০৬,৬৮৯/- (নয়লক্ষ ছয় হাজার ছয়শত উননব্বই) টাকা।<br>১৪। প্রশাসক, উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর মার্চ হতে জুন'২০২৫ পর্যন্ত অতিরিক্ত দায়িত্ব ভাতা (১৫০০×৪ মাস) =৬,০০০/- (ছয় হাজার) টাকা।<br>১৫। ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচি (এডিপি) 'উন্নয়ন সহায়তা' খাতের আওতায় পাবলিক লাইব্রেরী নির্মাণ কাজের দরপত্র বিজ্ঞাপন ব্যয় বিল =১২,৯৬০/- (বার হাজার নয়শত ষাট) টাকা।<br>১৬। ২০২৪-২৫ অর্থ বছরে নভেম্বর/২০২৪ হতে মে/২০২৫ পর্যন্ত উপজেলা পরিষদের ৪টি মিটারের বিদ্যুৎ ব্যয় বিল পরিশোধ বাবদ =২,৩১,৭০৬/- (দুই লক্ষ একত্রিশ হাজার সাতশত ছয়) টাকা।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | বিবিধ | | | |
| ১৮ (১) | রাজিবপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান জন্ম ও মৃত নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। রাজিবপুর শ্যালো ঘাটের রাস্তা জরুরী মেরামত করা প্রয়োজন। বিভিন্ন রাস্তায় বাড়ীর পার্শ্বে ঝুঁকিপুর্ণ ও মরা গাছ কর্তন করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী, রাজিবপুর-এর দৃষ্টি আকর্ষন করেন। এছাড়া অতিবৃষ্টির কারণে রাজিবপুর ইউনিয়নের ১-৯নং ওয়ার্ডের ভাঙ্গা রাস্তা জরুরী মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (২) | কোদালকাটি ইউনিয়ন পরিষদ | প্রশাসক (অঃদাঃ), কোদালকাটি ইউপি, চর রাজিবপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৩) | মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নের বড়বেড় অস্থায়ী পুলিশ ক্যাম্পে একটি নৌকা জরুরী প্রয়োজন। মোহনগঞ্জ ইউপি প্রশাসনিক কর্মকর্তা পদে জনবল না থাকায় কার্যক্রম ব্যহত হচ্ছে। মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদে ইউপি প্রশাসনিক কর্মকর্তার শুন্য পদে জনবল পদায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | উপজেলা খাদ্য অধিদপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলমান বোরো'২৫ মৌসুমে অত্র উপজেলায় ৪৭০ মে.টন সিদ্ধ চাল এবং ১৬৮ মে.টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। বোরো সংগ্রহ কার্যক্রম আগামী ৩১/০৮/২০২৫ পর্যন্ত চলমান থাকবে। অদ্যাবধি পর্যন্ত ৩৯০ মেঃটন সিদ্ধ চাল এবং ১৬৮ মেঃটন ধান (শতভাগ) সংগৃহীত হয়েছে। | মানসম্মত খাদ্য শস্য সংগ্রহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |

চলমান পাতা-৬

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ (৫) | **উপজেলা রিসোর্স সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা রিসোর্স সেন্টার সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৬) | **নির্বাচন বিভাগ** | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | **হিসাবরক্ষণ বিভাগ** | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮ (৮) | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা)** | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর |
| ১৮ (৯) | **আনসার ও ভিডিপি দপ্তর** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র উপজেলা আনসার ও ভিডিপি ভবন নির্মাণ করার জন্য ১০ শতাংশ জমি নির্বাচন করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ জানান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১০) | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | **পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প)** | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |
| ১৮(১২) | **দারিদ্র বিমোচন বিভাগ** | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৩) | **তথ্য আপা ঃ (২য় পর্যায়)** | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৪) | **পল্লী বিদ্যুৎ সমিতি** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

১৮(১৫) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের হলরুমে ও সভাকক্ষে সভা পরিচালনা ও বিভিন্ন অনুষ্ঠান করার লক্ষ্যে ভাড়া গ্রহণের জন্য গ্রহীতা আসে। উপজেলা পরিষদের রাজস্ব আয়ের স্বার্থে উপজেলা পরিষদের হলরুম ও সভাকক্ষ বিভিন্ন অনুষ্ঠান ও সভা পরিচালনা করার জন্য ভাড়া প্রদান করা যেতে পারে। সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের হলরুম ও সভাকক্ষের ভাড়া নির্ধারণ পূর্বক ভাড়া প্রদান করা যেতে পারে। উপজেলা পরিষদের হলরুমের জন্য ৩,০০০/- (তিন হাজার) টাকা ও সভাকক্ষের জন্য ২,০০০/- (দুই হাজার) টাকা ভাড়া নির্ধারণ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ১। উপজেলা পরিষদের হলরুমে সভা/অনুষ্ঠান প্রতি ৩,০০০/- (তিন হাজার) টাকা ভাড়া নির্ধারণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৭

সিদ্ধান্ত ঃ ২। উপজেলা পরিষদের সভা কক্ষে সভা/অনুষ্ঠান প্রতি ২,০০০/- (দুই হাজার) টাকা ভাড়া নির্ধারণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ ৩। উপজেলা পরিষদের হলরুম ও সভা কক্ষ ভাড়া গ্রহীতা ভাড়া গ্রহণের জন্য নির্ধারিত ভাড়া অগ্রিম পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/০৬/২৫
(মোঃ ফজলে এলাহী)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-৪৭৭

তারিখ ঃ ০৪ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ / ১৯ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৪। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৫। ........................................................................................ কুড়িগ্রাম।
০৬। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। অফিস কপি।

১৯/০৬/২৫
(মোঃ ফজলে এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd